দৈনিক বাংলা

তারিখ ... 04 JAN 1991 ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# ইডেন কলেজে ছাত্রী সংঘর্ষ

।। স্টাফ রিপোর্টার ।।

বৃহস্পতিবার ইডেন গার্লস্ কলেজে ছাত্রীদের মধ্যে এক সংঘর্ষ হয়। সংঘর্ষে কেউ হতাহত হয়নি।

পুলিশ জানায়, একদল ছাত্রী কলেজের অধ্যক্ষার অপসারণের দাবীতে মিছিল করার সময় আর একদল ছাত্রী তাদের বাধা দিলে সংঘর্ষের সূত্রপাত হয়।

পুলিশ জানায়, ছাত্রীদের উভয় পক্ষ অধ্যক্ষার অপসারণ চায়। কিন্তু এক

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

...প্রথাগত ধর্মঘট করার পক্ষপাতী; অন্য পক্ষ এতে আপত্তি জানালে সংঘর্ষের সূত্রপাত হয়।

এ ব্যাপারে একে অপরকে দোষারোপ করে ছাত্রীঐক্য জোট ও সাধারণ ছাত্রীদের পক্ষে লালবাগ থানায় দুটি ডায়েরী করা হয়েছে।

পুলিশ ঘটনা সম্পর্কে তদন্ত করছে বলেজানিয়েছে।

এদিকে সাধারণ ছাত্রীদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, কলেজের অধ্যক্ষার পদত্যাগের দাবীতে সাধারণ ছাত্রীরা মিছিল করার সময় ছাত্রলীগ (হা–অ) মহানগরী শাখার সাংগঠনিক সম্পাদকের নেতৃত্বে একদল সশস্ত্র গুন্ডা কলেজে প্রবেশ করে ছাত্রীদেরকে হুমকি প্রদর্শন করে এবং অধ্যক্ষার বিরুদ্ধে কোন আন্দোলন করতে নিষেধ করে। সাধারণ ছাত্রীরা এ ঘটনার নিন্দা করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছে।

ঢাকা ভার্সিটি রোকেয়া হল ছাত্রী সংসদের সহ-সভানেত্রী শিরিন সুলতানা ও সাধারণ সম্পাদিকা সাজেদা আক্তার অন্য এক বিবৃতিতে উক্ত ঘটনার নিন্দা করেন এবং অবিলম্বে দোষীদের গ্রেফতার ও কলেজ অধ্যক্ষার পদত্যাগের দাবী জানান।